আজকের কাগজ

তারিখ 10 JAN 1993 পৃষ্ঠা ৬ কলাম ৫

# শিক্ষা সচিবের রাউজান হাইস্কুল পরিদর্শন

বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের সচিব শামসুল ইসলাম গত ২ জানুয়ারি আকস্মিকভাবে রাউজান হাইস্কুল পরিদর্শন করেন। এ উপলক্ষে স্কুল কর্তৃপক্ষের উদ্যোগে এদিন সকাল তড়ি ঘড়ি করে এক সম্বর্ধনা সভার আয়োজন করা হয়। এতে সভাপতিত্বে করেন স্কুল পরিচালনা কমিটির চেয়ারম্যান ও সাবেক উপজেলা চেয়ারম্যান অধ্যাপক লোকমন হাকিম। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মেঘনা পেট্রোলিয়ামের চেয়ারম্যান সাবেক ডাকসু ভিপি এবং অত্র স্কুলের প্রাক্তন ছাত্র বদরুল আলম। শিক্ষা সচিব তাঁর বক্তব্যে শতবর্ষের ঐতিহ্যবাহী এই স্কুলটি সরকারি করণের বিষয় সরকারের সক্রিয় বিবেচনাধীন রয়েছে বলে জানান। এরপর তিনি রাউজান কলেজও পরিদর্শনে যান। রাউজান থেকে এসএম রিদোয়ান।